

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬১৩(আগরতলা ৯।১১)  
কৈলাসহর, ৯ নভেম্বর, ২০২৩

**রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৭ বালক হকি প্রতিযোগিতার উদ্বোধন**

রাজ্য সরকার রাজ্যের খেলাধুলার মানোন্নয়নের জন্য বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। সরকার চায় দেশের ক্রীড়া জগতে রাজ্যের নাম উজ্জ্বল করতে। গত ৭ নভেম্বর কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের স্টেডিয়ামে ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৭ বালক বিভাগে হকি প্রতিযোগিতার উদ্বোধন করে একথা বলেন। তিনি বলেন, ছাত্রছাত্রীরা হচ্ছে আগামীদিনের ভবিষ্যৎ। ক্রীড়াক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় সাফল্য পেতে হলে বিদ্যালয়স্তর থেকে ক্রীড়া প্রতিভা তুলে আনতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, বিশিষ্ট সমাজসেবী সিদ্ধার্থ দত্ত, অরুন সাহা প্রমুখ। সভাপতিত্ব করেন ঊনকোটি জিলা পরিষদের সহকারি সভাপতি শ্যামল দাস। স্বাগত ভাষণ দেন জেলা ক্রীড়া আধিকারিক অর্জুন দেবনাথ। রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৭ বালক বিভাগের হকি প্রতিযোগিতায় উত্তর ত্রিপুরা জেলার ৭টি দল অংশগ্রহণ করেছে।

\*\*\*\*\*